# তৃতীয় বর্ষ দ্বিতীয় সেমিস্টার

**কোর্স নং : BAN-3201**

**কোর্সের শিরোনাম : বাংলাদেশের কবিতা**

**নির্দেশনা:** প্রতিটি বিষয় থেকে ২টি করে মোট ৮টি প্রশ্ন ও ১টি করে মোট ৪টি ব্যাখ্যা প্রণয়ন করতে হবে, পরীক্ষার্থীরা ২টি ব্যাখ্যামূলক উত্তর করবে। ৪ সংখ্যক প্রশ্নে ব্যাখ্যা থাকবে। পরীক্ষার্থীরা ৫ সংখ্যক প্রশ্নসহ মোট ৫টি প্রশ্নের উত্তর করবে।

**কোর্সের বিষয় (Course Contents)** :

১। শামসুর রাহমান *: রৌদ্র করোটিতে*

২। আল মাহমুদ *: সোনালী কাবিন*

৩। আবুল হাসান *: রাজা যায় রাজা আসে*

৪। শহীদ কাদরী *: উত্তরাধিকার*

**পূর্ণমান (Full Marks):** ১০০ (উপস্থিতি-১০, শ্রেণি মূল্যায়ন-১০, মধ্যমেয়াদি পরীক্ষা-২০, চূড়ান্ত পরীক্ষা-৬০)

**ক্রেডিট-৩**

**উপযোগিতা (Rationale)** : আধুনিক বাংলা কবিতার ক্ষেত্রে পূর্ববঙ্গ এবং পরবর্তী সময়ে বাংলাদেশের প্রেক্ষাপটে কাব্যের রূপভেদ সম্পর্কে অবহিতকরণ।

**লক্ষ্য ও উদ্দেশ্য (Course Objectives) :** দেশভাগ, ভাষা আন্দোলন, বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ ইত্যাদির প্রেক্ষিতে আধুনিক বাংলা কবিতার রূপভেদ সম্পর্কে জানবে।

নির্বাচিত কবিদের কাব্যে ফুটে ওঠা আর্থ-সামাজিক, রাজনৈতিক প্রেক্ষাপট বুঝবে।

কবিতা এবং তার বিষয়শৈলির সঙ্গে কবি ও তাঁর সমসাময়িক ঘটনাগুলো সম্পর্কে নিরূপণ করতে পারবে।

উপকরণ **(Resources Used)**: হোয়াইট বোর্ড, মার্কার, পাঠ্যবই, খাতা, কলম, ওয়ার্কশিট, অডিও/ভিডিও

**পাঠ-পরিকল্পনা (সপ্তাহভিত্তিক)**

| **সপ্তাহ** (Week) | **ক্লাস/ঘণ্টা** (Class/ Hour) | **শিক্ষণীয় বিষয়সমূহ** (Course Contents) | **ফলাফল** (Learning Outcomes) | **শিখন-শেখানো পদ্ধতি** (Teaching Learning Strategy) | **মূল্যায়ন পদ্ধতি** (Assessment Strategy) |
|---|---|---|---|---|---|
| ১ | ক্লাস ২/ ঘণ্টা ২ | দেশভাগ, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ, বাঙালি জাতীয়তাবোধ ও সাহিত্য | ঐ সময়ের আর্থ-সামাজিক ইতিহাস সম্পর্কে জানবে। সাহিত্যের সাথে রাজনৈতিক অবস্থার যোগসূত্র বুঝতে পারবে। | বক্তব্য উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২ | ক্লাস ২/ ঘণ্টা ২ | বিভাগোত্তর বাংলাদেশের কবিতা | বিভাগোত্তর বাংলাদেশের কবিতা ঠিক কখন শুরু হলো, এর বৈশিষ্ট্য-প্রবণতাগুলো কী কী ? এর সঙ্গে তৎকালীন আর্থ-সামাজিক, রাজনৈতিক পরিস্থিতির যোগসূত্র সম্পর্কে ধারণা লাভ করবে। | বক্তব্য উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৩ | ক্লাস ২/ ঘণ্টা ২ | শামসুর রাহমান : *রৌদ্র করোটিতে* | কবি শামসুর রাহমান সম্পর্কে জানবে। বাংলাদেশের কবিতার প্রারম্ভিক পর্যায় সম্পর্কে জানবে। তাঁর কবিতায় ঐতিহ্যের সঙ্গে আধুনিকতার মেলবন্ধন সম্পর্কে | বক্তব্য উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৪ | ক্লাস ২/ ঘণ্টা ২ | *রৌদ্র করোটিতে* | নির্বাচিত কবিতা পাঠ ও এর বিষয়বস্তু, প্রকরণ ও শিল্পরূপ পর্যালোচনা করতে ও সমালোচনা লিখতে শিখবে | বক্তব্য উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৫ | ক্লাস ২/ ঘণ্টা ২ | *রৌদ্র করোটিতে* | বাংলা সাহিত্যে শামসুর রাহমানের স্থান, তাঁর স্বাতন্ত্র্য সম্পর্কে জানবে। | বক্তব্য উপস্থাপন | প্রথম শ্রেণি মূল্যায়ন (১-৪ সপ্তাহের বিষয়) |
| ৬ | ক্লাস ২/ ঘণ্টা ২ | শহীদ কাদরী : *উত্তরাধিকার* | কবিতায় সমকালের প্রতিফলন উপলব্ধি ও বিশ্লেষণ করতে পারবে | বক্তব্য উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭ | ক্লাস ২/ ঘণ্টা ২ | শহীদ কাদরী : *উত্তরাধিকার* | নির্বাচিত কবিতা পাঠ ও এর বিষয়বস্তু, প্রকরণ ও শিল্পরূপ পর্যালোচনা করতে ও সমালোচনা লিখতে শিখবে। | বক্তব্য উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৮ | ক্লাস ২/ ঘণ্টা ২ | *সোনালী কাবিন* | কবি আল মাহমুদ সম্পর্কে ধারণা লাভ করবে। বাংলা কবিতায় তাঁর স্বাতন্ত্র্য সম্পর্কে জানবে। | বক্তব্য উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৯ | ক্লাস ২/ ঘণ্টা ২ | *সোনালী কাবিন* | বাংলা সনেট সম্পর্কে জানবে। সোনালী কাবিন কাব্যের মধ্যদিয়ে বাংলা কবিতার ধারায় সৃষ্ট নতুন ধারা। | বক্তব্য উপস্থাপন | দ্বিতীয় শ্রেণি মূল্যায়ন (৫-৮ সপ্তাহের বিষয়) |
| ১০ | ক্লাস ২/ ঘণ্টা ২ | *সোনালী কাবিন* | নির্বাচিত কবিতা পাঠ ও এর বিষয়বস্তু, প্রকরণ ও শিল্পরূপ পর্যালোচনা করতে ও সমালোচনা লিখতে শিখবে। | বক্তব্য উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ১১ | ক্লাস ২ / ঘণ্টা ২ | আবুল হাসান : *রাজা যায় রাজা আসে* | কবি আবুল হাসান সম্পর্কে ধারণা লাভ করবে। বাংলা কবিতার দিক বদলের লক্ষণ চিনতে পারবে। | বক্তব্য উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ১২ | ক্লাস ২ / ঘণ্টা ২ | আবুল হাসান : *রাজা যায় রাজা আসে* | নির্বাচিত কবিতা পাঠ ও এর বিষয়বস্তু, প্রকরণ ও শিল্পরূপ পর্যালোচনা করতে ও সমালোচনা লিখতে শিখবে। | বক্তব্য উপস্থাপন | তৃতীয় শ্রেণি মূল্যায়ন (৯-১২ সপ্তাহের বিষয়) |
| ১৩ | ক্লাস ২ / ঘণ্টা ২ | কোর্স পর্যালোচনা (Course Review) | সম্পূর্ণ কোর্সটির উপজীব্য বিষয় সম্পর্কে সৃষ্ট ধারণা যাচাইকরণ | বক্তব্য উপস্থাপন | মুক্ত প্রশ্নোত্তর |

**সহায়ক গ্রন্থ**

অশ্রুকুমার শিকদার : *দুটি চোখের দুটি তারা*
খন্দকার আশরাফ হোসেন : *বাংলাদেশের কবিতা : অন্তরঙ্গ অবলোকন*
জুলফিকার মতিন : *কবিতার দেশ*
দীপ্তি ত্রিপাঠি : *আধুনিক বাংলা কাব্য পরিচয়*
বাংলা একাডেমি (প্রকাশিত) : *বাংলাদেশের সাহিত্য*
ভূঁইয়া ইকবাল : *শামসুর রাহমান : নির্জনতা থেকে জনারণ্যে*
মোহাম্মদ মনিরুজ্জামান : *আধুনিক বাংলা কবিতা : প্রাসঙ্গিকতা ও পরিপ্রেক্ষিত*
রফিকুল্লাহ খান : *বাংলাদেশের কবিতা : সমবায়ী স্বতন্ত্রস্বর*
সরদার ফজলুল করিম সম্পাদিত : *আমাদের সাহিত্য*
সাঈদ-উর রহমান : *পূর্ব বাংলার রাজনীতি সংস্কৃতি ও কবিতা*
সৌভিক রেজা : *ত্রিশোত্তর বাংলা কবিতায় আধ্যাত্মচেতনা*
শহীদ ইকবাল : *বাংলাদেশের কবিতার ধারা ও সংকেত*
শহীদ ইকবাল : *বাংলাদেশের সাহিত্যের ইতিহাস*
হাসান হাফিজুর রহমান : *আধুনিক কবি ও কবিতা*
হুমায়ুন আজাদ : *নিঃসঙ্গ শেরপা : শামসুর রাহমান*
হুমায়ুন আজাদ : *ভাষা আন্দোলন : সাহিত্যিক পটভূমি*
হুমায়ুন আজাদ : *আধার ও আধেয়*
হোসেনউদ্দীন হোসেন : *ঐতিহ্য আধুনিকতা ও আহসান হাবীব*

## কোর্স কোড : BAN-3202
## কোর্সের নাম: বাঙালির নৃতাত্ত্বিক পরিচয় ও প্রাচীন বাংলার ইতিহাস

**নির্দেশনা:** পরীক্ষার্থীদের ৮ সংখ্যক প্রশ্নসহ যেকোনো ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। ৮ সংখ্যক প্রশ্ন হবে আবশ্যিক। প্রশ্নকর্তা মোট ৭টি দীর্ঘ-উত্তর প্রশ্ন প্রণয়ন করবেন। ৮ সংখ্যক প্রশ্নটির ধরন হবে টীকা। তিনি প্রশ্নপত্রে ৪টি টীকার বিষয় উল্লেখ করবেন, পরীক্ষার্থীগণ তার মধ্যে ২টি বিষয়ে টীকা লিখবে।

**কোর্সের বিষয় (Course Contents) :**

১। বাঙালির নৃতাত্ত্বিক পরিচয়
২। প্রাচীন বাংলার জনপদ ও জনজাতি সমূহ
৩। বাংলার প্রাচীন ও মধ্যযুগের ভৌগোলিক, রাজনৈতিক ইতিবৃত্তের পাঠ ও পর্যালোচনা
৪। বাংলার প্রাচীন ও মধ্যযুগের সামাজিক, সাংস্কৃতিক ইতিবৃত্তের পাঠ ও পর্যালোচনা
৫। ভ্রমণ বৃত্তান্তে প্রাচীন বাংলা-ইবনে বতুতা, হিউয়েন সাং, ফা-হিয়েন ও অন্যান্য

পূর্ণমান **(Full Marks):** ১০০ (উপস্থিতি-১০, শ্রেণি মূল্যায়ন-১০, মধ্যমেয়াদি পরীক্ষা-২০, চূড়ান্ত পরীক্ষা-৬০)

**ক্রেডিট-৩**

উপযোগিতা **(Rationale)** :

- বাংলার প্রাচীন ও মধ্যযুগের ভৌগোলিক, সামাজিক, সাংস্কৃতিক ইতিবৃত্ত সম্পর্কে জানবে
- বাংলার প্রাচীন ও মধ্যযুগের রাজনৈতিক ইতিবৃত্ত সম্পর্কে জানবে
- প্রাচীন থেকে মধ্যযুগের প্রধান প্রধান শাসকগণের রাজ্যশাসন-নীতি ও শিল্পসাহিত্যে তাঁদের অবদানের স্বরূপ নিরূপণ করতে শিখবে
- বাংলার বিভিন্ন শাসনামলের ধারাবাহিক বিবর্তনের সঙ্গে আর্থ-সামাজিক-রাজনৈতিক বিবর্তনের নানামাত্রিক তুলনামূলক বিশ্লেষণ করতে শিখবে

**লক্ষ্য ও উদ্দেশ্য (Course Objectives) :**

বাংলার প্রাচীন ও মধ্যযুগের ইতিহাসের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় ঘটানো।

মাধ্যম ব্যবহার (**Resources Used**) : হোয়াইট বোর্ড, মার্কার, পাঠ্যবই, খাতা, কলম, ওয়ার্কশিট, অডিও/ভিডিও

**পাঠ-পরিকল্পনা (সপ্তাহ-ভিত্তিক)**

| **সপ্তাহ** (Week) | **ক্লাস/ঘণ্টা** Class/Hour) | **শিক্ষণীয় বিষয়** (Course Contents) | **শিখন ফলাফল** (Learning Outcomes) | **শিখন-শেখানো পদ্ধতি** (Teaching Learning Strategy) | **মূল্যায়ন পদ্ধতি** (Assessment Strategy) |
|---|---|---|---|---|---|
| ১ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাংলার প্রাচীন ও মধ্যযুগের ভৌগোলিক ইতিবৃত্ত সম্পর্কে আলোচনা। | বাংলার প্রাচীন ও মধ্যযুগের ভৌগোলিক ইতিবৃত্ত সম্পর্কে জানবে | বক্তব্য উপস্থাপন | কুইজ |
| ২ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাংলার প্রাচীন ও মধ্যযুগের সামাজিক ইতিবৃত্ত সম্পর্কে আলোচনা। | বাংলার প্রাচীন ও মধ্যযুগের সামাজিক ইতিবৃত্ত সম্পর্কে জানবে | বক্তব্য উপস্থাপন | গ্রুপ আলোচনা |
| ৩ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাংলার প্রাচীন ও মধ্যযুগের সাংস্কৃতিক ইতিবৃত্ত সম্পর্কে আলোচনা। | বাংলার প্রাচীন ও মধ্যযুগের সাংস্কৃতিক ইতিবৃত্ত সম্পর্কে জানবে | বক্তব্য উপস্থাপন | কুইজ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাংলার প্রাচীন ও মধ্যযুগের রাজনৈতিক ইতিবৃত্ত সম্পর্কে আলোচনা | বাংলার প্রাচীন ও মধ্যযুগের রাজনৈতিক ইতিবৃত্ত সম্পর্কে জানবে | বক্তব্য উপস্থাপন | অ্যাসাইনমেন্ট |
| ৫ | ক্লাস ২ / ঘণ্টা ২ | প্রাচীন থেকে মধ্যযুগের প্রধান প্রধান শাসকগণের রাজ্যশাসন-নীতি আলোচনা | প্রাচীন থেকে মধ্যযুগের প্রধান প্রধান শাসকগণের রাজ্যশাসন-নীতি সম্পর্কে জানবে | বক্তব্য উপস্থাপন | শ্রেণি পরীক্ষা-০১ |
| ৬ | ক্লাস ২ / ঘণ্টা ২ | প্রাচীন থেকে মধ্যযুগের প্রধান প্রধান শাসকগণের রাজ্যশাসন-নীতি ও শিল্পসাহিত্যে তাঁদের অবদানের স্বরূপ আলোচনা | প্রাচীন থেকে মধ্যযুগের প্রধান প্রধান শাসকগণের রাজ্যশাসন-নীতি ও শিল্পসাহিত্যে তাঁদের অবদানের স্বরূপ নিরূপণ করতে পারবে। | বক্তব্য উপস্থাপন | শ্রেণি উপস্থাপনা |
| ৭ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাংলার বিভিন্ন শাসনামলের আলোচনা | বাংলার বিভিন্ন শাসনামল সম্পর্কে জানবে। | বক্তব্য উপস্থাপন | অ্যাসাইনমেন্ট |
| ৮ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাংলার বিভিন্ন শাসনামলের ধারাবাহিক বিবর্তন | বাংলার বিভিন্ন শাসনামলের ধারাবাহিক বিবর্তনের ধারণা লাভ করবে। | চিত্রসহ বক্তব্য উপস্থাপন এবং ব্যবহারিক পর্যালোচনা | শ্রেণি উপস্থাপনা |
| ৯ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাংলার বিভিন্ন শাসনামলের বৈশিষ্ট্য | বাংলার বিভিন্ন শাসনামলের বৈশিষ্ট্য সম্পর্কে জানবে। | চিত্রসহ বক্তব্য উপস্থাপন এবং ব্যবহারিক পর্যালোচনা | শ্রেণি পরীক্ষা-০২ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বিভিন্ন শাসনামলের ধারাবাহিক বিবর্তনের সঙ্গে আর্থ সামাজিক-রাজনৈতিক বিবর্তনের নানামাত্রিক বিশ্লেষণ | বিভিন্ন শাসনামলের ধারাবাহিক বিবর্তনের সঙ্গে আর্থ সামাজিক-রাজনৈতিক বিবর্তনের নানামাত্রিক বিশ্লেষণ করতে পারবে।' | বক্তব্য উপস্থাপন | গ্রুপ আলোচনা |
| ১১ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বিভিন্ন শাসনামলের ধারাবাহিক বিবর্তনের সঙ্গে রাজনৈতিক বিবর্তনের নানামাত্রিক বিশ্লেষণ | বিভিন্ন শাসনামলের ধারাবাহিক বিবর্তনের সঙ্গে রাজনৈতিক বিবর্তনের নানামাত্রিক বিশ্লেষণ করতে পারবে। | বক্তব্য উপস্থাপন | শ্রেণি উপস্থাপনা |
| ১২ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বিভিন্ন শাসনামলের তুলনামূলক বিশ্লেষণ | বিভিন্ন শাসনামলের তুলনামূলক বিশ্লেষণ করতে সমর্থ্য হবে। | বক্তব্য উপস্থাপন | কুইজ |
| ১৩ | ক্লাস ২ / ঘণ্টা ২ | কোর্স পর্যালোচনা (Course Review) | সম্পূর্ণ কোর্সটির উপজীব্য বিষয় সম্পর্কে সৃষ্ট ধারণা যাচাইকরণ | বক্তব্য উপস্থাপন | মুক্ত প্রশ্নোত্তর |

**সহায়ক গ্রন্থ**


এস.এম রফিকুল ইসলাম (২০০১)। *প্রাচীন বাংলার সামাজিক ইতিহাস: সেনযুগ*, ঢাকা: বাংলা একাডেমি।

আবদুল করিম (১৯৯৩)। *বাংলার মুসলমানদের সামাজিক ইতিহাস (১৫৫৮ পর্যন্ত)*, ঢাকা: বাংলা একাডেমি।

আবদুল করিম (১৯৯৯)। *বাংলার ইতিহাস-সুলতানী আমল*, ঢাকা: জাতীয় গ্রন্থ প্রকাশনী।

আবদুল করিম (১৯৯২)। *বাংলার ইতিহাস: মোগল আমল*, ১ম খণ্ড, রাজশাহী: আইবিএস।

রমেশচন্দ্র মজুমদার সম্পা.(২০০৫)। *বাংলাদেশের ইতিহাস-মধ্যযুগ*, কলিকাতা: জেনারল প্রিন্টার্স এন্ড পাবলিশার্স প্রা: লি.।

রমেশচন্দ্র মজুমদার (১৯৯৮)। *বাংলাদেশের ইতিহাস, ১ম খণ্ড*, কলিকাতা: জেনারল প্রিন্টার্স এন্ড পাবলিশার্স প্রা: লি.।
এম. এ রহিম (১৯৮২)। *বাংলার সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস, ২য় খণ্ড*, মোহাম্মদ আসাদুজ্জামান ও ফজলে রাব্বি অনুদিত, ঢাকা: বাংলা একাডেমি।
নিহাররঞ্জন রায়: *বাঙালির ইতিহাস*।

**কোর্স কোড : BAN-3203**

**কোর্সের শিরোনাম : সমালোচনাতত্ত্ব ও বাংলা সাহিত্য সমালোচনা**

**নির্দেশনা:** মোট ৮টি প্রশ্ন প্রণয়ন করতে হবে। ৮ সংখ্যক প্রশ্নে ৪টি টীকা থাকবে। যার মধ্য থেকে ২টি টীকার উত্তর করতে হবে। পরীক্ষার্থীরা ৮ সংখ্যক প্রশ্নসহ যে কোনো ৫টি প্রশ্নের উত্তর করবে। প্রশ্নগুলো সমমানের। মান ৫x১২=৬০।

**কোর্সের বিষয় (Course Contents) :**

**সমালোচনাতত্ত্ব** : লেখক জীবনভিত্তিক, ঐতিহাসিক, মনস্তাত্ত্বিক, তুলনামূলক সমালোচনা, মার্কসবাদ, রূপবাদ, নারীবাদ, অভিব্যক্তিবাদ, ফর্মালিজম, জাদুবাস্তববাদ, বিনির্মাণবাদ, কাঠামোবাদ, চেতনা প্রবাহরীতি, পরাবাস্তববাদ, দাদাবাদ, উত্তর আধুনিকতাবাদ, উপনিবেশবাদ, উত্তর উপনিবেশবাদ, নিম্নবর্গ।

**বাংলা সাহিত্য সমালোচনা** : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, রবীন্দ্রনাথ ঠাকুর, প্রমথ চৌধুরী, মোহিতলাল মজুমদার, বুদ্ধদেব বসু ও আবু সয়ীদ আইয়ুব।

পূর্ণমান **(Full Marks):** ১০০ (উপস্থিতি-১০, শ্রেণি মূল্যায়ন-১০, মধ্যমেয়াদি পরীক্ষা-২০, চূড়ান্ত পরীক্ষা-৬০)

**ক্রেডিট-৩**

উপযোগিতা **(Rationale)** : বাংলা সাহিত্য ও বিশ্বসাহিত্যের ইতিহাস ও সাহিত্য, সাহিত্যের উৎপত্তি, সমালোচনা ও বিচার, বিচার পদ্ধতি প্রভৃতি সম্পর্কে জানতে সাহিত্য বিচারে এগুলোর প্রয়োগের ক্ষেত্রে সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা কোর্সটি বিশেষ গুরুত্ববহ।

**লক্ষ্য ও উদ্দেশ্য (Course Objectives) :** পৃথিবী জুড়ে সাহিত্য ও সাহিত্যপাঠ সম্পর্কিত যেসব তত্ত্ব ও মতবাদ গড়ে উঠেছে সেগুলো পাঠপূর্বক এসব তত্ত্বের উৎস, বিস্তার, প্রয়োগ ও পরিসীমা সম্পর্কিত সামগ্রিক জ্ঞান লাভ করা।

উপকরণ **(Resources Used)** : সহায়ক গ্রন্থ, মাল্টিমিডিয়া, সাদাবোর্ড, মার্কার, হ্যান্ডনোট, প্রশ্নব্যাংক।

**পাঠ-পরিকল্পনা (সপ্তাহ-ভিত্তিক)**

| সপ্তাহ (Week) | ক্লাস/ঘণ্টা (Class/ Hour) | শিক্ষণীয় বিষয় (Course Contents) | শিখন ফলাফল (Learning Outcomes) | শিখন-শেখানো পদ্ধতি (Teaching Learning Strategy) | মূল্যায়ন পদ্ধতি (Assessment Strategy) |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বিশ্ব সাহিত্যের যুগবিভাগ; ক্লাসিক ও মডার্ন সাহিত্যের যুগ। প্লেটোর সাহিত্যভাবনা ও তাঁর অনুকরণতত্ত্ব; অ্যারিস্টটলের অনুকরণতত্ত্ব। | বিশ্বসাহিত্যের ইতিহাস যুগবিভাগ এবং প্লেটো ও অ্যারিস্টটলের অনুকরণতত্ত্বের সাদৃশ্য-বৈসাদৃশ্য সম্পর্কে ধারণা লাভ | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন এবং প্রজেক্টরের মাধ্যমে ছবি ও দৃশ্য উপস্থাপন। | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ২ | ক্লাস ২ / ঘণ্টা ২ | অ্যারিস্টটলের সাহিত্যভাবনা ও তাঁর ট্র্যাজেডি ভাবনা। হোরেস ও লুঙ্গিনাসের সাহিত্যভাবনা। | অ্যারিস্টটল সমর্থিত গ্রিক ট্র্যাজেডির রূপ ও রূপায়ণ এবং হোরেস ও লুঙ্গিনাসের সাহিত্যভাবনা সম্পর্কে সম্যক ধারণা লাভ | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন এবং প্রজেক্টরের মাধ্যমে ছবি ও দৃশ্য উপস্থাপন। | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৩ | ক্লাস ২ / ঘণ্টা ২ | প্রাচীন ভারতীয় সাহিত্যতত্ত্ব; ভারত ও অভিনবগুপ্তের সাহিত্যভাবনা। | প্রাচীন ভারতীয় সাহিত্যের বিষয়, রূপ ও রূপায়ণ এবং প্রাচীন ভারতীয় সাহিত্যতাত্ত্বিক ও আলঙ্কারিক ভরত ও অভিনবগুপ্তের সাহিত্যভাবনা সম্পর্কে সম্যক ধারণা লাভ | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৪ | ক্লাস ২ / ঘণ্টা ২ | রোমান্টিসিজম কী? এর উদ্ভব, বিকাশ, পরিধি ও প্রবণতা। ন্যাচারিলিজম ও রিয়ালিজম কি? এর উদ্ভব, বিকাশ, পরিধি ও প্রবণতা। | বিশ্বসাহিত্যের ধারায় রোম্যান্টিক, ন্যাচারালিস্ট ও রিয়ালিস্ট সাহিত্যের বিস্তার, প্রবণতা ও প্রভাব সম্পর্কে বিস্তারিত ধারণা | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | লাভ। | | |
| ৫ | ক্লাস ২ / ঘণ্টা ২ | ফেমিনিজম, মর্ডানিজম প্রভৃতির সংজ্ঞা; এর উদ্ভব, বিকাশ পরিধি ও প্রবণতা, মার্কসিজম। | ফ্রয়েডিজম, মার্কসিজম, ফেমিনিজম, মর্ডানিজম প্রভৃতির সাহিত্যে বিস্তার, প্রবণতা ও প্রভাব সম্পর্কে বিস্তারিত ধারণা লাভ। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রথম শ্রেণি মূল্যায়ন (১-৪ সপ্তাহের বিষয়) |
| ৬ | ক্লাস ২ / ঘণ্টা ২ | ম্যাজিক রিয়ালিজম, পোস্ট মর্ডানিজম, স্টাকচারালিজম, কলোনিয়াজম, পোস্ট কলোনিয়াজম, প্রভৃতির সংজ্ঞা; এর উদ্ভব, বিকাশ পরিধি ও প্রবণতা। | উত্তরাধুনিক সাহিত্যধারায় ম্যাজিক রিয়ালিজম, পোস্ট মর্ডানিজম, স্টাকচারালিজম, কলোনিয়াজম, পোস্টকলোনিয়াজম প্রভৃতির বিস্তার, প্রবণতা ও প্রভাব সম্পর্কে বিস্তারিত ধারণা লাভ। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৭ | ক্লাস ২ / ঘণ্টা ২ | নন্দনতত্ত্বের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও পরিধি; শিল্প, সৌন্দর্য ও আনন্দ সম্পর্কে আলোচনা। কলাকৈবল্যবাদ ও বস্তুবাদ এবং কলাকৈবল্যবাদী ও বস্তুবাদী সাহিত্য | সাহিত্যে নন্দনতত্ত্বের ভূমিকা, শিল্প, সৌন্দর্য ও আনন্দের অবস্থান, কলাকৈবল্যবাদী ও বস্তুবাদী সাহিত্যের রূপ ও রূপায়ণ সম্পর্কে ধারণা লাভ। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৮ | ক্লাস ২ / ঘণ্টা ২ | সমালোচনা পদ্ধতি কী? সমালোচনা পদ্ধতির শ্রেণি | সাহিত্য সমালোচনার রীতি-পদ্ধতি ও | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | বিভাগ। ইতিহাসমূলক সমালোচনা পদ্ধতি ও এর রূপরেখা। | বিভিন্ন বৈশিষ্ট্যের সাহিত্য সমালোচনা কী? সমালোচনা সম্পর্কে জ্ঞান লাভ। | | বাড়ির কাজ |
| ৯ | ক্লাস ২ / ঘণ্টা ২ | তুলনামূলক, বিশ্লেষণমূলক, মূল্যবিচারমূলক সাহিত্য সমালোচনার বিচার পদ্ধতি ও রূপরেখা | সাহিত্য সমালোচনার রীতি-পদ্ধতি ও বিভিন্ন বৈশিষ্ট্যের সাহিত্য সমালোচনা কী? সমালোচনা সম্পর্কে জ্ঞান লাভ। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রথম শ্রেণি মূল্যায়ন (৫-৮ সপ্তাহের বিষয়) |
| ১০ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাংলা সাহিত্য সমালোচনা ধারায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ও রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্য সমালোচনার রূপ ও রূপরেখা | বাংলা সাহিত্য সমালোচনা ধারায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ও রবীন্দ্রনাথ ঠাকুরের ভূমিকার মূল্যায়ন করা যাবে। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ১১ | ক্লাস ২ / ঘণ্টা ২ | প্রমথ চৌধুরী ও বুদ্ধদেব বসুর সাহিত্য সমালোচনার রূপ ও রূপরেখা | বাংলা সাহিত্য সমালোচনা ধারায় প্রমথ চৌধুরী ও বুদ্ধদেব বসুর ভূমিকার মূল্যায়ন করা যাবে। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ১২ | ক্লাস ২ / ঘণ্টা ২ | আবু সয়ীদ আইয়ুবের সাহিত্য সমালোচনার রূপ ও রূপরেখা | বাংলা সাহিত্য সমালোচনা ধারায় আবু সয়ীদ আইয়ুবের ভূমিকার মূল্যায়ন করা যাবে। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রথম শ্রেণি মূল্যায়ন (৯-১২ সপ্তাহের বিষয়) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | ক্লাস ২ / ঘণ্টা ২ | কোর্স পর্যালোচনা (Course Review) | সম্পূর্ণ কোর্স সম্পর্কে পরীক্ষার প্রস্তুতি সম্পর্কিত ধারণা লাভ করা যাবে। | বক্তব্য উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |

**সহায়ক গ্রন্থ**


অতুলচন্দ্র গুপ্ত : *কাব্যজিজ্ঞাসা*
অমলেন্দু বসু : *সাহিত্যচিন্তা*
অমিতাভ গুপ্ত : *উত্তর-আধুনিক চেতনার ভূমিকা*
অরুণকুমার মুখোপাধ্যায় সম্পাদিত : *নন্দনতত্ত্ব জিজ্ঞাসা, বাংলা সমালোচনার ইতিহাস*
আফজালুল বাশার : *বাংলা সাহিত্য সমালোচনা*
আহমদ কবির : *বাংলা সমালোচনা সাহিত্য*
উজ্জ্বলকুমার মজুমদার : *সাহিত্য সমালোচনার রূপ ও রীতি*
জীবেন্দ্র সিংহ রায় : *কাব্যতত্ত্ব*
তপোধীর ভট্টাচার্য : *প্রতীচ্যের সাহিত্যতত্ত্ব*
অরুণকুমার মুখোপাধ্যায় সম্পাদিত : *বুদ্ধদেব বসু; মননে অন্বেষণে*
নবেন্দু সেন সম্পাদিত : *পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সাহিত্য ভাবনা*
নরেন বিশ্বাস : *ভারতীয় কাব্যতত্ত্ব*
পার্থপ্রতিম বন্দ্যোপাধ্যায় : *পোষ্টমডার্ন ভাবনা ও অন্যান্য*
বদিউর রহমান : *ধ্রুপদী সাহিত্যতত্ত্ব*
বেগম আকতার কামাল : *বিশ শতকের প্রতীচ্যের সাহিত্য সমালোচনাতত্ত্ব*
শুদ্ধসত্ত্ব বসু : *বাংলা সাহিত্যের নানা রূপ*
সাধনকুমার ভট্টাচার্য : *অ্যারিস্টটলের পোয়েটিক্স ও সাহিত্যতত্ত্ব।*
সিরাজুল ইসলাম চৌধুরী : *অ্যারিস্টটলের কাব্যতত্ত্ব*
সুনীলকুমার মুখোপাধ্যায় : *হোরেসের সাহিত্যতত্ত্ব*
সুধীরকুমার নন্দী : *নন্দনতত্ত্ব*
সুরেন্দ্রনাথ দাশগুপ্ত : *সৌন্দর্যতত্ত্ব*
সুদীপ বসু : *বাংলা সাহিত্যে সমালোচনার পরিচয়*
মুহম্মদ সাইফুল ইসলাম সম্পাদিত : *আইয়ুব : স্মরণগ্রন্থ*
সমীরণ মজুমদার সম্পাদিত : *প্রসঙ্গ: উত্তর-আধুনিকতা*
সুহাস চট্টোপাধ্যায় সম্পাদিত : *মার্কসবাদ ও নন্দনতত্ত্ব*


## কোর্স কোড : BAN-3204

### কোর্সের নাম-ভাষাবিজ্ঞান : রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব

**নির্দেশনা:** মোট ৮টি প্রশ্ন প্রণয়ন করতে হবে। ৮ সংখ্যক প্রশ্নে ৪টি টীকা থাকবে। যার মধ্য থেকে ২টি টীকার উত্তর করতে হবে। পরীক্ষার্থীরা ৮ সংখ্যক প্রশ্নসহ যে কোনো ৫টি প্রশ্নের উত্তর করবে। প্রশ্নগুলো সমমানের। মান ৫x১২=৬০।

**কোর্সের বিষয় (Course Contents) :**
ভাষাতত্ত্ব এবং ভাষাবিজ্ঞান, ভাষাতত্ত্বের মৌলিক বিভাজন-রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব, রূপতত্ত্ব-সংজ্ঞা, প্রকৃতি ও বৈশিষ্ট্য, প্রাচীন ভারতের রূপতাত্ত্বিক আলোচনা, বাংলা শব্দের রূপ ও প্রকারভেদ, বাংলা শব্দ গঠন প্রক্রিয়া (সন্ধি, সমাস, কারক, প্রত্যয়, উপসর্গ, অনুসর্গ), বাক্যতত্ত্ব-সংজ্ঞা, প্রকৃতি ও বৈশিষ্ট্য, বাক্যতাত্ত্বের উদ্ভব ও বিকাশ, প্রাচীন গ্রিস ও ভারতের বাক্যতাত্ত্বিক আলোচনা, বাক্যের গুণাবলী ও বাংলা বাক্য গঠনের নিয়ম, বাক্যতাত্ত্বিক আলোচনায় চমস্কির ধারণা-থ্রি ডায়াগ্রাম, বাক্য বিশ্লেষণে উপরিতল ও গভীরতম সংগঠন, অর্থতত্ত্ব-সংজ্ঞা, প্রকৃতি ও বৈশিষ্ট্য, প্রাচীন ভারতের অর্থতাত্ত্বিক আলোচনা, অর্থের প্রকারভেদ-জিওফ্রে লিচের সাত প্রকার অর্থ, অর্থের অবস্থানগত প্রতিবেশ, প্রয়োগবিজ্ঞানের প্রাথমিক পাঠ এবং অর্থতত্ত্বের সাথে প্রয়োগবিজ্ঞানের সম্পর্ক

পূর্ণমান **(Full Marks):** ১০০ (উপস্থিতি-১০, শ্রেণি মূল্যায়ন-১০, মধ্যমেয়াদি পরীক্ষা-২০, চূড়ান্ত পরীক্ষা-৬০)

**ক্রেডিট-৩**

উপযোগিতা **(Rationale)** : বাংলা ভাষার শব্দ, বাক্য ও অর্থের গঠন, প্রকার ও এর যথাযথ ব্যবহারের পাশাপাশি বিবর্তন ও পরিবর্তনের নানা বিষয় সমন্বয় সাধন করে কোর্সটি সাজানো হয়েছে।

**লক্ষ্য ও উদ্দেশ্য (Course Objectives) :**

- শিক্ষার্থীদের ভাষাগত দক্ষতা বৃদ্ধিকরণে বাংলা বাক্য গঠনের প্রক্রিয়া যাথাযথভাবে তুলে ধরা।
- বাক্যের সাথে অর্থের সম্পর্ক নিরূপণ।
- সাম্প্রতিক সময়ে বাংলা ভাষার অর্থ পরিবর্তনের নানা দিক উন্মোচন।

মাধ্যম ব্যবহার **(Resources Used)** : হোয়াইট বোর্ড, মার্কার, পাঠ্যবই, খাতা, কলম, ওয়ার্কশিট, অডিও/ভিডিও

**পাঠ-পরিকল্পনা (সপ্তাহ-ভিত্তিক)**

| সপ্তাহ (Week) | ক্লাস/ঘণ্টা (Class/ Hour) | শিক্ষণীয় বিষয় (Course Contents) | শিখন ফলাফল (Learning Outcomes) | শিখন-শেখানো পদ্ধতি (Teaching Learning Strategy) | মূল্যায়ন পদ্ধতি (Assessment Strategy) |
|---|---|---|---|---|---|
| ১ | ক্লাস ২ / ঘণ্টা ২ | ভাষাতত্ত্ব এবং ভাষাবিজ্ঞান ভাষাতত্ত্বের মৌলিক বিভাজন; রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব | ভাষাতত্ত্ব এবং ভাষাবিজ্ঞানের পার্থক্য এবং স্বরূপ বিচার। ভাষাতত্ত্বের প্রকারভেদ-রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব ও | বক্তব্য উপস্থাপন | কুইজ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | অর্থতত্ত্ব সম্পর্কে ধারণা লাভ। | | |
| ২ | ক্লাস ২ / ঘণ্টা ২ | রূপতত্ত্ব; সংজ্ঞা, প্রকৃতি ও বৈশিষ্ট্য<br>প্রাচীন ভারতের রূপতাত্ত্বিক আলোচনা | রূপতত্ত্বের সংজ্ঞা, প্রকৃতি ও বৈশিষ্ট্য বিবেচনায় নিয়ে প্রাচীন ভারতের রূপতাত্ত্বিক পর্যালোচনা | বক্তব্য উপস্থাপন | গ্রুপ আলোচনা |
| ৩ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাংলা শব্দের রূপ ও প্রকারভেদ | বাংলা শব্দ, রূপ, রূপমূল, সহরূপমূল ও শব্দের প্রকারভেদ (উৎস, গঠন ও অর্থ অনুসারে) নির্ণয়। | বক্তব্য উপস্থাপন | কুইজ |
| ৪ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাংলা শব্দ গঠন প্রক্রিয়া (সন্ধি, সমাস, কারক, প্রত্যয়, উপসর্গ, অনুসর্গ) | বাংলা শব্দ গঠন প্রক্রিয়ার সাথে সম্পর্কিত ব্যাকরণিক বিভিন্ন উপাত্তের পরিচয় লাভ ও ব্যাখ্যা। | বক্তব্য উপস্থাপন | অ্যাসাইনমেন্ট |
| ৫ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাক্যতত্ত্ব : সংজ্ঞা, প্রকৃতি ও বৈশিষ্ট্য<br>বাক্যতত্ত্বের উদ্ভব ও বিকাশ | বাক্যতত্ত্বের সংজ্ঞা, প্রকৃতি ও বৈশিষ্ট্য বিবেচনায় নিয়ে উদ্ভব ও বিকাশ সম্পর্কে ধারণা লাভ। | বক্তব্য উপস্থাপন | শ্রেণি পরীক্ষা-০১ |
| ৬ | ক্লাস ২ / ঘণ্টা ২ | প্রাচীন গ্রিস ও ভারতের বাক্যতাত্ত্বিক আলোচনা | বাক্যতত্ত্বের বৈশিষ্ট্য বিবেচনায় নিয়ে প্রাচীন গ্রিস ও ভারতের রূপতাত্ত্বিক পর্যালোচনা। | বক্তব্য উপস্থাপন | শ্রেণি উপস্থাপনা |
| ৭ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাক্যের গুণাবলী ও বাংলা বাক্য গঠনের নিয়ম | বাক্যের মৌখিক গুণাবলী বিবেচনায় বাংলা | বক্তব্য উপস্থাপন | অ্যাসাইনমেন্ট |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | বাক্য গঠনের নিয়ম সম্পর্কে ধারণা লাভ। | | |
| ৮ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাক্যতাত্ত্বিক আলোচনায় চমস্কির ধারণা-থ্রি ডায়াগ্রাম | বাক্যতাত্ত্বিক আলোচনায় আব্রাহাম নোয়াম চমস্কির ধারণা এবং রূপান্তরমূলক সৃষ্টিশীল ব্যাকরণ সম্পর্কে ধারণা লাভ। | চিত্রসহ বক্তব্য উপস্থাপন এবং ব্যবহারিক পর্যালোচনা | শ্রেণি উপস্থাপনা |
| ৯ | ক্লাস ২ / ঘণ্টা ২ | বাক্য বিশ্লেষণে উপরিতল ও গভীরতর সংগঠন | বাক্য বিশ্লেষণে উপরিতল ও গভীরতর সংগঠনের ব্যাখ্যা। | চিত্রসহ বক্তব্য উপস্থাপন এবং ব্যবহারিক পর্যালোচনা | শ্রেণি পরীক্ষা-০২ |
| ১০ | ক্লাস ২ / ঘণ্টা ২ | অর্থতত্ত্ব-সংজ্ঞা, প্রকৃতি ও বৈশিষ্ট্য প্রাচীন ভারতের অর্থতাত্ত্বিক আলোচনা | অর্থতত্ত্বের সংজ্ঞা, প্রকৃতি ও বৈশিষ্ট্য বিবেচনায় নিয়ে প্রাচীন ভারতের রূপতাত্ত্বিক পর্যালোচনা। | বক্তব্য উপস্থাপন | গ্রুপ আলোচনা |
| ১১ | ক্লাস ২ / ঘণ্টা ২ | অর্থের প্রকারভেদ-জিওফ্রে লিচের সাত প্রকার অর্থ | জিওফ্রে লিচের সাত প্রকার অর্থানুযায়ী বাংলা শব্দের অর্থ পরিবর্তনের কারণ অনুসন্ধান | বক্তব্য উপস্থাপন | শ্রেণি উপস্থাপনা |
| ১২ | ক্লাস ২ / ঘণ্টা ২ | অর্থের অবস্থানগত প্রতিবেশ | অবস্থানগত প্রতিবেশের কারণে অর্থ পরিবর্তনের কারণ অনুসন্ধান। | বক্তব্য উপস্থাপন | কুইজ |
| ১৩ | ক্লাস ২ / ঘণ্টা ২ | প্রয়োগবিজ্ঞানের প্রাথমিক পাঠ এবং অর্থতত্ত্বের সাথে | অর্থতত্ত্বের সাথে প্রয়োগবিজ্ঞানের সম্পর্ক বিবেচনায় | চিত্রসহ বক্তব্য উপস্থাপন এবং ব্যবহারিক পর্যালোচনা | শ্রেণি পরীক্ষা-০৩ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | প্রয়োগবিজ্ঞানের সম্পর্ক | প্রায়োগিক ক্ষেত্রে অর্থের পরিবর্তনের কারণ বিশ্লেষণ। | | |

**সহায়ক গ্রন্থ**


আবুল কালাম মনজুর মোরশেদ : *আধুনিক ভাষাতত্ত্ব*
জাহাঙ্গীর তারেক : *শব্দার্থবিজ্ঞানের ভূমিকা*
নীলিমা চক্রবর্তী : *বাংলা ভাষা ও চমস্কীয় ব্যাকরণ*
বিনয় বর্মন : *চমস্কীয় ব্যাকরণ : বাংলা ভাষাকেন্দ্রিক বিশ্লেষণ*
মনসুর মুসা : *ভাষাচিন্তা : প্রসঙ্গ ও পরিধি*
মহাম্মদ দানীউল হক : *ভাষাবিজ্ঞানের কথা*
রফিকুল ইসলাম : *ভাষাতত্ত্ব*
রফিকুল ইসলাম : *ভাষাতাত্ত্বিক প্রবন্ধাবলী*
রবীন্দ্রনাথ ঠাকুর : *বাংলা শব্দতত্ত্ব, বাংলাভাষা-পরিচয়*
রামেশ্বর শ' : *সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা*
সৌরভ সিকদার : *ভাষাবিজ্ঞানের ভূমিকা ও বাংলা ভাষা*
হুমায়ুন আজাদ : *অর্থবিজ্ঞান*
হুমায়ুন আজাদ : *বাক্যতত্ত্ব*
Chomosky, N.A. : *Syntactic Structures*
Chomosky, N.A. : *Aspects of the Theory of Syntax*
Crystal, Devid : *The Cambridge Encyclopedia of Language*


## কোর্স কোড : BAN-3205
## কোর্সের নাম-রবীন্দ্র সাহিত্য-২

**নির্দেশনা:** প্রতিটি বিষয় থেকে মোট ৬টি প্রশ্ন ও ২টি করে মোট ৬টি ব্যাখ্যা প্রণয়ন করতে হবে, পরীক্ষার্থীরা ৩টি ব্যাখ্যামূলক প্রশ্নের উত্তর করবে। ব্যাখ্যাসহ মোট ৪টি প্রশ্নের উত্তর করবে।

কোর্সের বিষয় **(Course Contents)** :
কাব্য: *বলাকা, পুনশ্চ*
নাটক: *বিসর্জন, রক্তকরবী*
ভ্রমণ সাহিত্য: *রাশিয়ার চিঠি, পারস্যে*

**পূর্ণমান (Full Marks):** ১০০ (উপস্থিতি-১০, শ্রেণি মূল্যায়ন-১০, মধ্যমেয়াদি পরীক্ষা-২০, চূড়ান্ত পরীক্ষা-৬০)

**ক্রেডিট-৩**

**উপযোগিতা (Rationale):** রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা সাহিত্য-সংস্কৃতির প্রধান নির্মাতা। সাহিত্যের শিক্ষার্থীদের জন্য তিনি অবশ্য পাঠ্য। তাঁর সাহিত্যসম্ভার সুবিশাল; কবিতার সংখ্য

অজস্র। তার মধ্য থকে থেকে কয়েকটি প্রতিনিধিত্বশীল রবীন্দ্রসৃষ্টি এই কোর্সে অন্তর্ভুক্ত করা হয়েছে।

**লক্ষ্য ও উদ্দেশ্য (Course Objectives):**
**পাঠ্যভুক্ত কাব্যগুলোর সনিষ্ঠ পাঠে-**

- রবীন্দ্রসাহিত্যের মূলসুর অনুভব করা যাবে।
- বাংলা গীতিকবিতার বিকাশ ও পরিণতি সম্পর্কে স্পষ্ট ধারণা সৃষ্টি হবে।
- প্রাচ্যের রবীন্দ্রনাথ কেন পাশ্চাত্যেও পরিচিত ও প্রিয় হয়ে উঠলেন তা উপলব্ধ হবে।
- রবীন্দ্রনাথের কাব্য দর্শন সম্পর্কে জানবে।

মাধ্যম ব্যবহার (**Resources Used**) : হোয়াইট বোর্ড, মার্কার, পাঠ্যবই, খাতা, কলম, ওয়ার্কশিট, অডিও/ভিডিও

**পাঠ-পরিকল্পনা (সপ্তাহভিত্তিক)**

| **সপ্তাহ (Week)** | **ক্লাস/ঘণ্টা (Class/Hour)** | **শিক্ষণীয় বিষয়সমূহ (Course Contents)** | **ফলাফল (Learning Outcomes)** | **শিখন-শেখানো পদ্ধতি (Learning strategy)** | **মূল্যায়ন পদ্ধতি (Assessment)** |
|---|---|---|---|---|---|
| ১ | ক্লাস ২ /ঘণ্টা ২ | *বলাকা* | সংশ্লিষ্ট বিষয়ে স্পষ্ট ধারণা অর্জন। | বক্তব্য মাল্টিমিডিয়ার মাধ্যমে তথ্য উপস্থাপন, প্রশ্ন-উত্তর | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ২ | ক্লাস ২ /ঘণ্টা ২ | *বলাকা*'র মূলভাব; রবীন্দ্রনাথের বিশিষ্ট জীবনদৃষ্টি; | 'মানসী' কাব্য সম্পর্কে সার্বিক ধারণা সৃষ্টি | বক্তব্য ও প্রশ্ন-উত্তর | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৩ | ক্লাস ২ /ঘণ্টা ২ | *বলাকা*'র শিল্পমূল্য | স্বদেশ ও প্রকৃতিকে গভীরভাবে দেখার প্রেরণা; জীবনকে বিশেষভাবে উপলব্ধি | বক্তব্য ও প্রশ্ন-উত্তর | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৪ | ক্লাস ২ /ঘণ্টা | *পুনশ্চ* কাব্যের | *পুনশ্চ* কাব্য সম্পর্কে সার্বিক | বক্তব্য ও প্রশ্ন- | প্রশ্ন-উত্তর ভিত্তিক |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ২ | বিষয়বস্তু | ধারণা সৃষ্টি | উত্তর | মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৫ | ক্লাস ২ /ঘণ্টা ২ | *পুনশ্চ* কাব্যের প্রাকরণিক বিশিষ্টতা ও সাফল্য | সংশ্লিষ্ট বিষয়ে স্পষ্ট ধারণা লাভ। | বক্তব্য ও প্রশ্ন-উত্তর | প্রথম শ্রেণি মূল্যায়ন (১-৪ সপ্তাহের বিষয়) |
| ৬ | ক্লাস ২ /ঘণ্টা ২ | *বিসর্জন* | সংশ্লিষ্ট বিষয়ে স্পষ্ট ধারণা অর্জন। | বক্তব্য মাল্টিমিডিয়ার মাধ্যমে তথ্য উপস্থাপন, প্রশ্ন-উত্তর | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৭ | ক্লাস ২ /ঘণ্টা ২ | *বিসর্জন* | *বিসর্জন* নাটকের প্রসঙ্গ ও প্রকরণ সম্বন্ধে জানা | বক্তব্য, মুক্ত-আলোচনা, প্রশ্ন-উত্তর | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৮ | ক্লাস ২ /ঘণ্টা ২ | *বিসর্জন* | সংশ্লিষ্ট বিষয়ে স্পষ্ট ধারণা অর্জন। | বক্তব্য ও প্রশ্ন-উত্তর | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৯ | ক্লাস ২ /ঘণ্টা ২ | *রক্তকরবী* | *রক্তকরবী* নাটকের প্রসঙ্গ ও প্রকরণ | বক্তব্য ও প্রশ্ন-উত্তর | দ্বিতীয় শ্রেণি মূল্যায়ন (৬-৮ সপ্তাহের বিষয়) |
| ১০ | ক্লাস ২ /ঘণ্টা ২ | *রক্তকরবী* | সংশ্লিষ্ট বিষয়ে স্পষ্ট ধারণা অর্জন। | বক্তব্য মাল্টিমিডিয়ার মাধ্যমে তথ্য উপস্থাপন, প্রশ্ন-উত্তর | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ১১ | ক্লাস ২ /ঘণ্টা ২ | *রাশিয়ার চিঠি* | সংশ্লিষ্ট বিষয়ে স্পষ্ট ধারণা অর্জন। | বক্তব্য, মুক্ত-আলোচনা, প্রশ্ন-উত্তর | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ১২ | ক্লাস ২ /ঘণ্টা ২ | *পারস্যে* | সংশ্লিষ্ট বিষয়ে স্পষ্ট ধারণা | বক্তব্য, মুক্ত-আলোচনা, | তৃতীয় শ্রেণি মূল্যায়ন (১০-১১ সপ্তাহের |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | অর্জন। | প্রশ্ন-উত্তর | বিষয়) |
| ১৩ | ক্লাস ২ /ঘণ্টা ২ | কোর্স পর্যালোচনা | সম্পূর্ণ কোর্সটির উপজীব্য বিষয় সম্পর্কে সৃষ্ট ধারণা যাচাইকরণ | বক্তব্য; প্রশ্নোত্তর | চূড়ান্ত পরীক্ষার প্রস্তুতিগহণে বিশেষ নির্দেশনা |

**সহায়ক গ্রন্থ**

আবু সয়ীদ আইয়ুব *: আধুনিকতা ও রবীন্দ্রনাথ, পান্থজনের সখা, পথের শেষ কোথায়*
উপেন্দ্রনাথ ভট্টাচার্য *: রবীন্দ্র-কাব্য-পরিক্রমা*
ক্ষুদিরাম দাশ *: রবীন্দ্র-প্রতিভার পরিচয়*
নীহাররঞ্জন রায় *: রবীন্দ্র-সাহিত্যের ভূমিকা*
বুদ্ধদেব বসু *: রবীন্দ্রনাথ : কথাসাহিত্য, কবি রবীন্দ্রনাথ*
প্রমথনাথ বিশী *: রবীন্দ্রকাব্যপ্রবাহ*
হুমায়ুন আজাদ *: রবীন্দ্রপ্রবন্ধ :রাষ্ট্র ও সমাজচিন্তা*
আনিসুজ্জামান সম্পাদিত *: রবীন্দ্রনাথ*
ভীষ্মদেব চৌধুরী সম্পাদিত *: প্রভাতসূর্য*

## কোর্স কোড : BAN-3206

## কোর্সের শিরোনাম : বাংলা নাটক

**নির্দেশনা:** প্রতিটি বিষয় থেকে ২টি করে মোট ৮টি প্রশ্ন ও ১টি করে মোট ৪টি ব্যাখ্যা প্রণয়ন করতে হবে, পরীক্ষার্থীরা ২টি ব্যাখ্যামূলক উত্তর করবে। ৫ সংখ্যক প্রশ্নে ব্যাখ্যা থাকবে। পরীক্ষার্থীরা ৫ সংখ্যক প্রশ্নসহ মোট ৫টি প্রশ্নের উত্তর করবে।

**কোর্সের বিষয়: (Course Contents)**

১. মাইকেল মধুসূদন দত্ত : *কৃষ্ণকুমারী নাটক*
২. দীনবন্ধু মিত্র : *নীলদর্পণ*
৩. দ্বিজেন্দ্রলাল রায় : *সাজাহান*
৪. বিজন ভট্টাচার্য: *নবান্ন*

পূর্ণমান **(Full Marks):** ১০০ (উপস্থিতি-১০, শ্রেণি মূল্যায়ন-১০, মধ্যমেয়াদি পরীক্ষা-২০, চূড়ান্ত পরীক্ষা-৬০)

**ক্রেডিট-৩**

**উপযোগিতা (Rationale):** উনবিংশ শতকের সময়, আর্থ-সামাজিক-সাংস্কৃতিক-রাজনৈতিক অবস্থা; উপনিবেশিত মধ্যবিত্তের স্বরূপ প্রভৃতি জানতে উপর্যুক্ত কোর্সটি অধ্যয়ন অতীব জরুরি।

**লক্ষ্য ও উদ্দেশ্য (Course Objectives):** উনবিংশ শতকের সময়, আর্থ-সামাজিক-সাংস্কৃতিক-রাজনৈতিক অবস্থা; উপনিবেশিত মধ্যবিত্তের স্বরূপ প্রভৃতি সম্পর্কে সম্যক জ্ঞান

লাভ।

**মাধ্যম ব্যবহার (Resources Used):** পাঠ্য নাটক ও সহায়ক গ্রন্থ, মাল্টিমিডিয়া, সাদাবোর্ড, মার্কারি, হ্যান্ডনোট, প্রশ্নব্যাংক।

**পাঠ-পরিকল্পনা (সপ্তাহ-ভিত্তিক)**

| **সপ্তাহ (Week)** | **ক্লাস/ঘণ্টা (Class/ Hour)** | **শিক্ষণীয় বিষয়সমূহ (Course Contents)** | **শিখন ফল (Learning Outcomes)** | **শিক্ষণ-শেখানো পদ্ধতি (Teaching-Learning strategy)** | **মূল্যায়ন পদ্ধতি (Assessment)** |
|---|---|---|---|---|---|
| ১ | ক্লাস ২/ ঘণ্টা ২ | মাইকেল মধুসূদন দত্ত : *কৃষ্ণকুমারী নাটক* | মাইকেল মধুসূদন দত্তের জীবন ও সমাজ, শিল্পমানস; তাঁর নাট্যভাবনা ও প্রবণতার স্বরূপ সম্পর্কে জানা যাবে। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ২ | ক্লাস ২/ ঘণ্টা ২ | মাইকেল মধুসূদন দত্ত : *কৃষ্ণকুমারী নাটক* | *কৃষ্ণকুমারী* নাটকে চিত্রিত সমাজ বাস্তবতা, ভাষার ব্যবহার এবং নাটকের সার্থকতা স্বরূপ নির্ধারণ করা যাবে। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন এবং প্রজেক্টরের মাধ্যমে ছবি ও দৃশ্য উপস্থাপন। | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৩ | ক্লাস ২/ ঘণ্টা ২ | মাইকেল মধুসূদন দত্ত : *কৃষ্ণকুমারী নাটক* | বিষয় ও প্রকরণ | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন এবং প্রজেক্টরের মাধ্যমে ছবি ও দৃশ্য উপস্থাপন। | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৪ | ক্লাস ২/ ঘণ্টা ২ | দীনবন্ধু মিত্র : *নীলদর্পণ* | দীনবন্ধু মিত্রের জীবন ও সমাজ, শিল্পমানস; তাঁর নাট্যভাবনা ও প্রবণতার স্বরূপ সম্পর্কে জানা যাবে। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | সামাজিক নাটকের বৈশিষ্ট্য সম্পর্কে জ্ঞান লাভ করা যাবে। | | |
| ৫ | ক্লাস ২/ ঘণ্টা ২ | দীনবন্ধু মিত্র : *নীলদর্পণ* | ‘নীলদর্পণ’ নাটকে চিত্রিত সমাজ বাস্তবতা, ঔপনিবেশিক শোষণের স্বরূপ, শ্রেণিবৈষম্য ও নিপীড়ন, তৎকালীন ইংরেজ শ্রেণির অত্যাচার এবং সামাজিক নাটক হিসেবে এ নাটকের সার্থকতা স্বরূপ নির্ধারণ করা যাবে। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন এবং প্রজেক্টরের মাধ্যমে ছবি ও দৃশ্য উপস্থাপন। | প্রথম শ্রেণি মূল্যায়ন (১-৪ সপ্তাহের বিষয়) |
| ৬ | ক্লাস ২/ ঘণ্টা ২ | দীনবন্ধু মিত্র : *নীলদর্পণ* | ‘নীলদর্পণ’ নাটকের গঠন কৌশল , চরিত্র চিত্রণ, ভাষার ব্যবহার প্রভৃতি সম্পর্কে জ্ঞান লাভ করা যাবে। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৭ | ক্লাস ২/ ঘণ্টা ২ | দ্বিজেন্দ্রলাল রায় : *সাজাহান* | দ্বিজেন্দ্রলাল রায়ের জীবন ও সমাজ, শিল্পমানস; তাঁর নাট্যভাবনা ও প্রবণতার স্বরূপ সম্পর্কে জানা যাবে। নাটকের বৈশিষ্ট্য সম্পর্কে জ্ঞান লাভ করা যাবে। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮ | ক্লাস ২/ ঘণ্টা ২ | দ্বিজেন্দ্রলাল রায় : *সাজাহান* | *সাজাহান* নাটকের সার্থকতা; এ নাটকের বক্তব্য কতটা সময়োচিত; এ নাটকের বিষয়ের অনন্যতা সম্পর্কে জ্ঞান লাভ করা যাবে। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ৯ | ক্লাস ২/ ঘণ্টা ২ | দ্বিজেন্দ্রলাল রায় : *সাজাহান* | *সাজাহান* নাটকের শিল্পরূপ | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | দ্বিতীয় শ্রেণি মূল্যায়ন (৫-৮ সপ্তাহের বিষয়) |
| ১০ | ক্লাস ২/ ঘণ্টা ২ | *সাজাহান* | চরিত্র চিত্রণ, ভাষার ব্যবহার প্রভৃতি সম্পর্কে জ্ঞান লাভ করা যাবে। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ১১ | ক্লাস ২/ ঘণ্টা ২ | বিজন ভট্টাচার্য: *নবান্ন* | *নবান্ন* নাটকের বিষয়বিন্যাস; এ নাটকের ঐতিহাসিকতা ও নাটকের সার্থকতা সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করা যাবে। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন এবং প্রজেক্টরের মাধ্যমে ছবি ও দৃশ্য উপস্থাপন। | প্রশ্ন-উত্তর ভিত্তিক মূল্যায়ন, বাড়ির কাজ |
| ১২ | ক্লাস ২/ ঘণ্টা ২ | বিজন ভট্টাচার্য: *নবান্ন* | *নবান্ন* নাটকের শিল্পরূপ; চরিত্রচিত্রণ, ভাষার ব্যবহার প্রভৃতি সম্পর্কে জ্ঞান লাভ করা যাবে। | বক্তব্য ও উদাহরণ উপস্থাপন | তৃতীয় শ্রেণি মূল্যায়ন (৯-১২ সপ্তাহের বিষয়) |
| ১৩ | ক্লাস ২/ ঘণ্টা ২ | কোর্স পর্যালোচনা | সম্পূর্ণ কোর্স সম্পর্কে পরীক্ষার প্রস্তুতি | বক্তব্য উপস্থাপন। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | সম্পর্কিত ধারণা লাভ করা যাবে। | | |

**সহায়ক গ্রন্থ**

অজিতকুমার ঘোষ : *বাংলা নাটকের ইতিহাস*
আশুতোষ ভট্টাচার্য : *বাংলা নাট্যসাহিত্যের ইতিহাস*
উৎপল দত্ত : *গিরিশ-মানস*
এ কে খায়রুল আনাম : *দীনবন্ধু মিত্রের সাহিত্যকর্ম*
কমলকুমার সান্যাল : *বাংলা নাটক সমীক্ষা*
ক্ষেত্র গুপ্ত : *নাট্যকার মধুসূদন*
খোন্দকার সিরাজুল হক সম্পাদিত : *দীনবন্ধু মিত্রের নীলদর্পন*
মাসুদ রহমান : *রবীন্দ্রনাথ ও দ্বিজেন্দ্রলাল রায়*
মিহির কুমার দাশ : *দীনবন্ধু : কবি ও নাট্যকার*
রবীন্দ্রনাথ রায় : *দ্বিজেন্দ্রলাল রায় : কবি ও নাট্যকার*
শীতল ঘোষ : *বাংলা নাটকে ট্র্যাজেডি তত্ত্বের প্রয়োগ*
শ্রীকুমুদবন্ধু সেন : *গিরিশচন্দ্র*
সাধনকুমার ভট্টাচার্য : *নাট্যসাহিত্যের আলোচনা ও নাটক বিচার (১-৪ খণ্ড)*
সুধীর চক্রবর্তী : *দ্বিজেন্দ্রলাল রায় : স্মরণ-বিস্মরণ*
সুবোধচন্দ্র সেনগুপ্ত : *মধুসূদন : কবি ও নাট্যকার : দ্বিজেন্দ্রলাল*
সুরেশচন্দ্র মৈত্র : *বাংলা নাটকের বিবর্তন*
সুশীল কুমার দে : *দীনবন্ধু মিত্র*

## তৃতীয় বর্ষ দ্বিতীয় সেমিস্টার সমাপনান্তে সমন্বিত

## মৌখিক পরীক্ষা

পূর্ণ মান: ৫০
ক্রেডিট: ০২

**উদ্দেশ্য**

অধীত বিষয়সমূহে শিক্ষার্থীদের অর্জিত জ্ঞান যাচাই।
কোর্সসমূহের বিস্তৃত পাঠ সম্পাদন ও অনুধাবনের গভীরতা সম্পর্কে মূল্যায়ন।